গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১, অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০৭.০১৫.০০০.০০০.০৩.০৩.২০১৪/৬৯৫

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৪ / ১৯ সেপ্টেম্বর ২০১৭

বিষয় ঃ ভুয়া চিঠিপত্রের উপর কার্যক্রম গ্রহন না করা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রায়শ:ই প্রাথমিক বিদ্যালয় জাতীয়করনের নামে জেলা যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য কিছু অসাধু লোক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের স্বাক্ষর জাল অথবা স্ক্যান করে জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে পত্র প্রেরণ করছেন। যার ফলে মাঠ পর্যায়ে বিভিন্ন অনিয়ম, বিশৃঙ্খলা ও বিভ্রাটের সৃষ্টি হচ্ছে। কিছু জেলা হতে এরূপ ভুয়া পত্রের সন্ধান পাওয়া গেছে।

২। এমতাবস্থায়, প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ সংক্রান্ত মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত মন্ত্রণালয়ের সংশ্লিস্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত মুলপত্র কিংবা মেইলে প্রেরিত পত্র ব্যতীত ফটোকপির উপর কোন কার্যক্রম গ্রহন না করার জন্য অনুরোধ করা হলো।

৩। অধিকন্তু কোন পত্রের ব্যাপারে সন্দেহের উদ্রেক হলে টেলিফোনে কিংবা মেইলে বিষয়টি নিশ্চিত হওয়ার জন্যও অনুরোধ করা হলো।

(পুলক রঞ্জন সাহা)
যুগ্মসচিব
ফোন- ৯৫১১০৭৩
dss.mopme@gmail.com

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
(সকল)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল :
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। মহাপরিচালক, বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, (সকল)
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫। সিষ্টেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
৭। অফিস নথি।